

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
হোমনা, কুমিল্লা।

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ক্ষেমালিকা চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা।
সভার স্থান : সভা কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হোমনা, কুমিল্লা।
তারিখ : ৩১/০৩/২০২৪ ; সময় : বেলা ১১:৩০ টা।

উপস্থিত ব্যক্তিবর্গের নাম ও পদবী : পরিশিষ্ট “ক”।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হোমনা, কুমিল্লা গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উহাতে কোন সংশোধনী না থাকায় বিনা সংশোধনীতে কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

২.০। উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে প্রাপ্ত আবেদন সংক্রান্ত তথ্যাদি :

ক্রমিক নং	অভিযোগের ধরণ	গত মাসে পেভিং অভিযোগ সংখ্যা	আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগ সংখ্যা	মোট	আলোচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ সংখ্যা	পেভিং অভিযোগ সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১।	পারিবারিক নির্যাতন ও যৌতুক	০৪ টি	-	০৪ টি	০২ টি	০২ টি	উভয় পক্ষকে নোটিশ প্রেরণ করা হয়েছে।

২.১। আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে দাখিলকৃত অধিকাংশ অভিযোগই পারিবারিক নির্যাতনের আওতায় পরে যা আপোষের মাধ্যমে মীমাংসা করা হয়।

সিদ্ধান্ত : নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে স্ব-স্ব কার্যক্রমের মধ্যদিয়ে জগনগকে সচেতন করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০। ইউনিয়ন কমিটির সভা সংক্রান্ত তথ্যাদি :

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গত মাসে পেভিং অভিযোগ সংখ্যা	আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগ সংখ্যা	মোট	আলোচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ সংখ্যা	পেভিং অভিযোগ সংখ্যা	ইউনিয়ন পর্যায়ে মাসিক সভা হয়েছে কিনা
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১।	মাথাভাঙ্গা	-	-	-	-	-	হয়েছে
০২।	ঘাণ্ডিয়া	-	-	-	-	-	হয়েছে
০৩।	দুলালপুর	-	-	-	-	-	হয়েছে
০৪।	চান্দেচর	-	-	-	-	-	হয়েছে
০৫।	আসাদপুর	-	-	-	-	-	হয়েছে
০৬।	নিলখী	-	-	-	-	-	হয়েছে
০৭।	ভাষানিয়া	-	-	-	-	-	হয়েছে
০৮।	ঘারমোড়া	-	-	-	-	-	হয়েছে
০৯।	জয়পুর	-	-	-	-	-	হয়েছে

ইউনিয়ন পর্যায়ে প্রাপ্ত অভিযোগ সমূহ গ্রাম আদালতে অন্তর্ভুক্ত করে মীমাংসা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় আলোচনা করেন এবং এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : গ্রাম আদালতে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সংক্রান্ত অভিযোগ সমূহ গুরুত্ব সহকারে মীমাংসা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

(ক্ষেমালিকা চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি

হোমনা, কুমিল্লা।

স্মারক নং- ৩২.০১.১৯৫৪.০০০.০৬.০০৮.২৩-৬৬

তারিখ : ৩১/০৩/২০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ :

- ০১। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা।
- ০৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা।
- ০৪। অফিস কপি।

(তানজুমা পারভীন লুনা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি

হোমনা, কুমিল্লা।